দৈনিক
ইনকিলাব

6

তারিখ ... 18 DEC 1996
পৃষ্ঠা ... কলাম ...

## শিক্ষাঙ্গন

### শূন্যপদে নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের এমপিও প্রসঙ্গে

শিক্ষা জাতির মেরুদণ্ড। শিক্ষার মেরুদণ্ড শিক্ষক। অথচ বর্তমান গণতান্ত্রিক সরকারের আমলে শিক্ষকগণ দারুণ অবহেলিত এবং উপেক্ষিত। ১ মার্চ '৯৬ হতে ঢাকা সেনানিবাসে অবস্থিত মানিকদী ইসলামিয়া সিনিয়র মাদ্রসায় শূন্যপদে শিক্ষকতা করছি। দশ মাস গত হতে চলেছে এখনও সরকারী বেতন পাচ্ছি না। আমাদের এমপিও সরকার বন্ধ করে দিয়েছে। আমার মত স্কুল-মাদ্রসার হাজার হাজার শিক্ষক শূন্যপদে নিয়োগপ্রাপ্ত হয়েছেন। তারাও বেতন পাচ্ছেন না।

দীর্ঘ দশ মাস শিক্ষকগণ বিনা বেতনে শিক্ষকতা করে অনাহারে ভীষণ আর্থিক কষ্টের সম্মুখীন হয়েছেন। অথচ গণতান্ত্রিক সরকার কিছুই ভাবছেন না। অতীতের দু'টি সরকারের আমলে কখন এমপিও বন্ধ রাখা হয়নি, শিক্ষকদের এত ন্যাকারজনক অবস্থার সৃষ্টি হয়নি। সরকার আমাদের শিক্ষক হিসাবে এমপিওভুক্ত করবেন কি-না। এছাড়া দশ মাসের বকেয়াসহ বেতন পাব কি-না। বর্তমান সরকার শিক্ষকদের বেতন বন্ধ করে দেয়ার হুমকি দিচ্ছে। আমরা নিয়োগপ্রাপ্ত শিক্ষক। বর্তমান সরকার শিক্ষকদের নিকট উত্তম শিক্ষাদান আশা করছেন। এটা ভাল কথা। কিন্তু যে দেশের শিক্ষকগণ বেতন-ভাতা পায় না, এমপিও বন্ধ করে দেয়া হয়, শিক্ষকগণের পেটে ক্ষুধা নিয়ে ক্লাস চালাতে হয়, সে দেশে শিক্ষকদের নিকট উত্তম শিক্ষাদান আশা করা কতটুকু যুক্তিযুক্ত হবে? শিক্ষা খাতে সর্বোচ্চ ব্যয় রাখা হয়েছে। এ টাকা কি অন্য কোন উন্নয়নমূলক কাজে ব্যয় করা হচ্ছে? না সোনার বাংলা গড়ার কাজে ব্যয় করা হচ্ছে।

অতএব, হতভাগা নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের বকেয়াসহ এমপিও ছাড়ার জন্য শিক্ষামন্ত্রী, প্রধানমন্ত্রীর আশু হস্তক্ষেপ কামনা করছি।

—মুহাম্মদ সেলিম মিয়া (বিএসসি),
গ্রাম- গোয়াল বাথান,
পোঃ জান মাহমুদাবাদ,
থানা- দেলদুয়ার, জেলা- টাংগাইল।